

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাজীপুর
(ভূমি অধিগ্রহণ শাখা)
www.gazipur.gov.bd

স্মারক নং-০৫.৪১.৩৩০০.০১১.০০.০৪৮-২০২২- 

তারিখ : ০২ অগ্রহায়ণ ১৪৩১
২৭ নভেম্বর ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে, “ময়মনসিংহ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য ধনুয়া হতে ময়মনসিংহ পর্যন্ত গ্যাস পাইপলাইন নির্মাণ” শীর্ষক প্রকল্পের জন্য এলএ ০৩/২০২২-২০২৩ নম্বর কেসের মাধ্যমে গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন মুলাইদ, মাওনা, ধনুয়া, টেপিরবাড়ী, তেলীহাটি ও ধামলই মৌজার আর.এস বিভিন্ন দাগে প্রস্তাবিত ৮.১৬৯০ একর (কম/বেশি) ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান আছে। উক্ত এলএ কেসে এর ৪(১) ধারার নোটিশ জারীর পর অধিগ্রহণকৃত সম্পত্তির যৌথ তদন্তের তালিকা প্রস্তুত করা হয়েছে। ভূমি মন্ত্রণালয় অধিগ্রহণ শাখা-০১ এর ১০/১২/২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪২.০০১.১৪(অংশ-১)-৪৫৪ নম্বর স্মারকে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশাবলীর ১২ নম্বর অনুচ্ছেদের আলোকে প্রস্তুতকৃত যৌথ তদন্তের তালিকায় লিপিবদ্ধ অবকাঠামো/ঘরবাড়ি অন্তর্ভুক্ত না হওয়ার বিরুদ্ধে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিভাগীয় কমিশনার, ঢাকা মহোদয়ের নিকট আবেদন করা যাবে এবং জমির মালিকানা/স্বার্থ সংশ্লিষ্টতা সম্পর্কিত যৌথতদন্ত তালিকা প্রকাশিত বিষয়ে আপত্তি থাকলে জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের নিকট আপত্তি দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



ইশতিয়াক আহমেদ
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
গাজীপুর
☎ ০২-৯২৬১৩৩০

স্মারক নং-০৫.৪১.৩৩০০.০১১.০০.০৪৮.২০২২-

তারিখ : অগ্রহায়ণ ১৪৩১
নভেম্বর ২০২৪

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, বুরাল পাওয়ার কোম্পানি লি:, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব ও এলএ), গাজীপুর
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। সিনিয়র সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৬। সহকারী কমিশনার (ভূমি), শ্রীপুর, গাজীপুর (নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৭। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (জেলা প্রশাসক, গাজীপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। ইউনিয়ন ডিজিটাল সেন্টার,ইউনিয়ন পরিষদ, শ্রীপুর, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৯। ভূমি সহকারী কর্মকর্তা,ইউনিয়ন ভূমি অফিস, শ্রীপুর, গাজীপুর (নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১০। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
- ১১। অফিস কপি



ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
গাজীপুর